আজকের কাগজ

তারিখ 26 OCT 1992
পৃষ্ঠা ৫ কলাম ৬

105

# ছাত্রলীগ (ম-ই) দুই প্রতিদ্বন্দ্বী গ্রুপের মধ্যে সংঘর্ষের আশংকা

**কাগজ প্রতিবেদক :** বাংলাদেশ ছাত্রলীগের (ম-ই) দুটি প্রতিদ্বন্দ্বী অংশের মধ্যে আবার সংঘর্ষের প্রেক্ষাপট সৃষ্টি হচ্ছে। প্রায় ৮ মাস ধরে ছাত্রলীগের একটি অংশ ঢাকা বিশ্ববিদ্যালয়ের এসএম হল ও জগন্নাথ হল এবং অন্য অংশ জহুরুল হক হল দখল করেছিলো। জহুরুল হক হলে অবস্থানকারীরা মন্টু গ্রুপ হিসেবে পরিচিত। গত এক সপ্তাহে বিতাড়িত ছাত্ররা স্ব স্ব হলে ফিরে আসা শুরু করলে এসএম হল ও জহুরুল হক হলে অবস্থানকারী ছাত্রলীগের প্রতিদ্বন্দ্বী কর্মীরা কাছাকাছি চলে আসে। এই পূনর্বাসন প্রক্রিয়ায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও ছাত্র সংগঠনের নেতাদের সহায়তা থাকলেও কর্মীদের ভেতর চাপা উত্তেজনা বিরাজ করছে। প্রত্যক্ষ, পরোক্ষে হুমকি পাল্টা হুমকি চলছে। ফিরে আসা অনেক ছাত্র-কর্মী দিনে হলে আসা যাওয়া করলেও রাতে ভয়ের কারণে থাকে না।

এদিকে গতকালও ছাত্রলীগ (ম-ই) কর্মী ও মন্টু সমর্থিতদের মধ্যে ক্যাম্পাসে মিছিল বের করা নিয়ে উত্তেজনা দেখা দেয়। একদলকে হোন্ডায় করে মহড়া দিতেও দেখা যায়। সংঘর্ষ মোকাবেলার দক্ষিণ পাড়ায় হল গুলোতে পুলিশ বিডিআর প্রহরা জোরদার করা হলেও আবাসিক ছাত্ররা সংঘর্ষের আশংকা থেকে মুক্ত হতে পারছে না।